দৈনিক জনকণ্ঠ

তারিখ 05 NOV 2015
পৃষ্ঠা ২০ কলাম ৯

# শিক্ষামন্ত্রীকে না জানিয়ে কিছু করা যাবে না– ফের নির্দেশ জারি

স্টাফ রিপোর্টার ॥ এখন থেকে মন্ত্রীকে না জানিয়ে কোন আইন, বিধি, নীতিমালা ও বদলির আদেশ প্রকাশ বা ওয়েবসাইটে দেয়া যাবে না বলে আবারও নির্দেশ জারি করেছেন শিক্ষামন্ত্রী। শিক্ষা আইন নিয়ে বিতর্কের প্রেক্ষিতে তিনি এ নির্দেশ জারি করেন। গত ২৬ অক্টোবর গোপনীয়ভাবে নিজের একান্ত সচিব নাজমুল হক খানের স্বাক্ষরে এই লিখিত নির্দেশ জারি করেন মন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। যা মন্ত্রণালয়ের সব দফতর প্রধানদের পাশাপাশি সচিবকে অবহিত করতে তার একান্ত সচিবকে অনুলিপি দেয়া হয়।

শিক্ষা আইনের খসড়ার ওপর মতামত নেয়ার জন্য সম্প্রতি ওয়েবসাইটে প্রকাশ করা হয়। যাতে প্রশ্ন ফাঁসের সাজার মেয়াদ রাখা হয় চার বছর। সাজার মেয়াদ কম থাকায় এ নিয়ে বিভিন্ন মহলের মধ্যে সমালোচনার সৃষ্টি হয়। পরে তা প্রত্যাহার করে নেয়া হয়।

মন্ত্রীর ওই নির্দেশে বলা হয়েছে শিক্ষা মন্ত্রণালয় থেকে কোন পরিপত্র, নীতিমালা, আইন জারি, ওয়েবসাইটে প্রদর্শন এবং মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন শিক্ষা প্রতিষ্ঠান, অধিদফতর/দফতর ও শিক্ষা বোর্ডসমূহে প্রথম শ্রেণীর যে কোন পদে পদায়নের ক্ষেত্রে মন্ত্রী পর্যায়ে অনুমোদন গ্রহণের জন্য মন্ত্রী সদয় নির্দেশ প্রদান করেছেন। সে মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

*(১৯ পৃষ্ঠা ৮ কঃ দেখুন)*

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক : মোহাম্মদ আতিকউল
ঢাকা, ফোন : ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২১টি লা
১৫৬ নূর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম, ফো